

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১১১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০১০.২৪.৭৮

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: এইচ. কে. ড্রিম নীটওয়ার নামক কারখানার অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন নং-৯০, তারিখঃ ২৫/০১/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচ. কে. ড্রিম নীটওয়ার, অফিস ও কারখানাঃ সারদাগঞ্জ, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর নামক শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার বস্ত্র অধিদপ্তরে নিবন্ধন সংখ্যা- পরিঃ/নিটিং-০০০০০৫২৬-২০২০, তারিখঃ-১৫/১২/২০২০ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ “টেক্সটাইল নিটিং”। প্রতিষ্ঠানটির অনুকূলে জারীকৃত শিল্প আই আর সি নং-২৬০৩২৬১২০৫৫২৮২০, তারিখঃ ১৮/১০/২০২১ খ্রিস্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ২য় এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ৩য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষা ও পরিদর্শন প্রতিবেদনের আলোকে কারখানাটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,৪৫,৭০,০০০/- (দুই কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকা নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে এইচ. কে. ড্রিম নীটওয়ার এর অনুকূলে কাঁচামাল আমদানির জন্য কারখানাটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,৪৫,৭০,০০০/- (দুই কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকা নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



২৫-০২-২০২৪

মো:সাইফুর রহমান

উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০১০.২৪.৭৮/১
(৫)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর;
- ২। কমিশনার, কাষ্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।;
- ৩। স্বত্বাধিকারী, এইচ. কে. ড্রিম নীটওয়ার, অফিস ও কারখানাঃ সারদাগঞ্জ, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর;
- ৪। সহকারি পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর এবং
- ৫। এসিস্টেন্ট মেনেজিং ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



A handwritten signature in black ink, appearing to be 'Kamrul Alam', located above the printed name.

২৬-০২-২০২৪

কামরুল আলম
সহকারী পরিচালক